বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"
স্থাপিত - ১৯৮৪
BOESL

"একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত হবে"

নং- ৪৯.০২.০০০০০.০০৬.০১.০৭৭.২৬.২১১ তারিখ : ৩০.০৭.২০২৬

# দক্ষিণ কোরিয়ায় কৃষি খাতে মৌসুমী কর্মী নিয়োগের লক্ষ্যে আবেদন গ্রহণ

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং দক্ষিণ কোরিয়ার দাংজিন সিটি কর্তৃপক্ষের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা চুক্তির আওতায় দক্ষিণ কোরিয়ার দাংজিন সিটিতে কৃষি খাতে মৌসুমি কর্মী নিয়োগ করা হবে। এ লক্ষ্যে দাংজিন সিটি কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী কুমিল্লা ও কিশোরগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা/উপজেলা কার্যালয়ের তালিকাভুক্ত কৃষিজীবীদের নিকট হতে নির্ধারিত শর্তসাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে:

| সংখ্যা | | চাকুরির মেয়াদ | বেতন (ওন) | মন্তব্য |
|---|---|---|---|---|
| পুরুষ | নারী | | | |
| ১০ | ১৮ | ন্যূনতম ৫ মাস সর্বোচ্চ ৮ মাস | ১০,০৩০ প্রতি ঘণ্টায় | ভিসার ধরণ-E-8 |

**২। চাকরির শর্তাবলী—**

- কৃষি খাতের সকল মৌসুমি কার্যক্রমসহ কঠিন ও শ্রমনির্ভর প্রকৃতির সকল ধরনের কাজ করার মানসিকতা, শারীরিক সক্ষমতা ও আন্তরিক আগ্রহ থাকতে হবে;
- নিয়োগদাতার কাজের প্রয়োজন অনুযায়ী যে কোনো সময় দায়িত্ব পালন ও কাজ করার মানসিকতা থাকতে হবে;
- কুমিল্লা ও কিশোরগঞ্জ জেলার আওতাধীন জেলা/উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে ১ বছরের অধিক সময় কাজের অভিজ্ঞতার অফিসিয়াল সনদ থাকতে হবে;
- বয়স ২৫ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে;
- পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ১ বছর থাকতে হবে;
- সুঠম দেহের অধিকারী ও ওজন ৫০-৭৫ কেজি-এর মধ্যে হতে হবে;
- পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্রে উল্লেখিত নাম, জন্ম তারিখ এবং ছবির মধ্যে সামঞ্জস্য থাকতে হবে;
- পোশাক-পরিচ্ছদ, আচার-আচরণ ও কথোপকথনে শালীনতা ও পেশাদারিত্ব বজায় রাখতে হবে;
- মাদকাসক্ত/সিফিলিস শনাক্ত ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
- ফৌজদারি অপরাধে জেল বা অন্য কোনো শাস্তিপ্রাপ্ত ব্যক্তিরা অযোগ্য বলে বিবেচিত হবেন;
- দক্ষিণ কোরিয়ায় অবৈধভাবে অবস্থানকারীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
- দেশ ত্যাগে নিষেধাজ্ঞা আছে এমন ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
- স্থানীয় কৃষি-সংক্রান্ত আইন ও নিয়োগদাতার চাহিদা অনুযায়ী কাজের সুযোগ থাকলে প্রতি ঘণ্টা হিসেবে মজুরি প্রদান করা হবে। কর্মঘণ্টা দৈনিক সর্বোচ্চ ১০ ঘণ্টা পর্যন্ত গণ্য হবে। কর্মস্থলে যাতায়াত, লাঞ্চ এবং বিশ্রামের সময় কর্মঘণ্টার অন্তর্ভুক্ত হবে না।
- বৈরী আবহাওয়া, বৃষ্টিপাত বা নিয়োগদাতার কাজ না থাকলে উক্ত সময় কোনো প্রকার বেতন, মজুরি প্রাপ্য হবে না;
- থাকা, খাওয়া ও অন্যান্য ব্যক্তিগত ব্যয় কর্মীকে বহন করতে হবে। তবে নিয়োগদাতা কর্তৃক উক্ত ব্যয় বহন করলে, সংশ্লিষ্ট অর্থ কর্মীর বেতন থেকে কর্তন করা হবে।
- অন্যান্য সুযোগ সুবিধা কোরিয়ার দাংজিন সিটির স্থানীয় (আঞ্চলিক) আইন অনুযায়ী প্রযোজ্য।

**৩। অনলাইন আবেদন পদ্ধতি—**

দাংজিন সিটি কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী আগ্রহী ও যোগ্য প্রার্থীগণ বর্ণিত শর্তাবলি সাপেক্ষে **আগামী ৩ আগস্ট সকাল ১০ টা থেকে ৪ আগস্ট ২০২৬ তারিখ বিকাল ৪টা পর্যন্ত** নির্ধারিত পোর্টাল *https://brms.boesl.gov.bd*-এ অনলাইনের মাধ্যমে প্রাথমিক নিবন্ধন সম্পন্ন করা যাবে। প্রাথমিক নিবন্ধন সম্পন্নের জন্য নিম্নোক্ত ধাপসমূহ অনুসরণ করতে হবে:

- **১ম ধাপ:** প্রার্থীর ব্যক্তিগত তথ্য (Personal Information) ফর্মে প্রয়োজনীয় সকল তথ্য যথাযথভাবে পূরণ পূর্বক সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি আপলোড করতে হবে।
- **২য় ধাপ:** Passport Details-এ প্রয়োজনীয় তথ্য পূরণ পূর্বক পাসপোর্টের স্ক্যান কপি আপলোড করতে হবে।
- **৩য় ধাপ:** Work Experience অংশে প্রয়োজনীয় তথ্য পূরণ পূর্বক নিম্নোক্ত কাগজপত্র একত্রে একটি PDF ফাইলে (সর্বোচ্চ ১ এমবি) আপলোড করতে হবে:
  - জীবনবৃত্তান্ত; কুমিল্লা ও কিশোরগঞ্জ জেলার আওতাধীন জেলা/উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে ১ বছরের অধিক সময় কাজের অভিজ্ঞতা সনদের ফটোকপি।
- **৪র্থ ধাপ:** Family Details অংশে প্রয়োজনীয় তথ্য পূরণ পূর্বক প্রাথমিক নিবন্ধন সম্পন্ন করতে হবে। প্রাথমিক নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনের নির্ধারিত আবেদন ফি ১০০/- (একশ) টাকা এবং প্রযোজ্য মোবাইল ব্যাংকিং সার্ভিস চার্জ (অফেরতযোগ্য) পরিশোধের মাধ্যমে প্রাথমিক নিবন্ধন সম্পন্ন করতে হবে। নিবন্ধন সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা সংযুক্ত রয়েছে।

**অফিস ঠিকানা :**
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015

**যোগাযোগ নম্বর :**
ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৮৩৩৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১৩৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd

Bangladesh Overseas Employment & Services Ltd. Dhaka Bangladesh (BOESL)

৪। নির্বাচন পদ্ধতি—

- দাংজিন সিটি কর্তৃপক্ষের অধীনস্থ নিয়োগকর্তার প্রতিনিধিগণ আবেদনকারীদের দাখিলকৃত তথ্য, যোগ্যতা, অভিজ্ঞতা এবং চাকরির শর্তাবলির আলোকে যাচাই-বাছাই করে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রণয়ন করবেন;
- উক্ত প্রার্থীদের নিয়োগকর্তার প্রতিনিধি কর্তৃক সরাসরি মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে এবং
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৫। সার্ভিস চার্জ ও অন্যান্য শর্তাবলি—

- স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নির্ধারিত সার্ভিস চার্জ, প্রশিক্ষণ ফি, বহির্গমন কর, সার্ভিস চার্জের ওপর ১৫% ভ্যাট, ভিসা ফি, কল্যাণ ফি ও বীমা-সংক্রান্ত ব্যয়সহ সর্বমোট ৬০,৭০০ (ষাট হাজার সাতশ) টাকা এবং ফেরতযোগ্য জামানত বাবদ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা ব্যাংক চ্যানেলে পে-অর্ডারের মাধ্যমে বোয়েসেল-এ জমা দিতে হবে;
- চাহিদা সংগ্রহের প্রসেসিং ফি বাবদ নির্ধারিত অর্থ পৃথকভাবে পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করতে হবে। দক্ষিণ কোরিয়ায় গমন ও দেশে ফেরত আসার বিমান ভাড়া নির্বাচিত প্রার্থীকে নিজ দায়িত্বে বহন করতে হবে;
- নির্ধারিত জামানত ও বিমান ভাড়া ব্যতীত সার্ভিস চার্জসহ সমুদয় দুই লক্ষ দশ হাজার সাতশ টাকা ব্যয় হতে পারে। তবে মার্কিন ডলারের একচেঞ্জ রেটের উপর নির্ভর করে কম/বেশি হতে পারে;
- নির্বাচিত প্রার্থী নিয়োগদাতার অধীনে অর্পিত সকল দায়িত্ব ও কাজ নিষ্ঠার সঙ্গে সম্পাদন করবেন, নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করবেন, চাকরি পরিত্যাগ বা কর্মস্থল ত্যাগের কোনো অপচেষ্টা করবেন না, G-1 ভিসা বা অন্য কোনো উপায়ে অবৈধভাবে দক্ষিণ কোরিয়ায় অবস্থানের চেষ্টা করবেন না এবং কর্মচুক্তির মেয়াদ শেষে নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশে ফিরে আসবেন—এই মর্মে ৩০০ (তিনশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে। উক্ত অঙ্গীকারনামায় প্রার্থীর দুইজন জামিনদার (মা, বাবা, ভাই, বোন, স্বামী, স্ত্রী অথবা নিকট আত্মীয়, যিনি সরকারি চাকরিজীবী) স্বাক্ষর করবেন;
- নির্বাচিত প্রার্থীর নির্ধারিত দুই জন জামিনদারকে ৫,০০,০০০ (পাচ লক্ষ) টাকা মূল্যমানের একটি করে অ্যাকাউন্ট পেয়ী MICR চেক বোয়েসেলের অনুকূলে জমা দিতে হবে। জমাকৃত চেক ও নন-জুডিশিয়াল স্ট্যাম্প বোয়েসেলের নথিতে অক্ষত অবস্থায় সংরক্ষিত থাকবে। উল্লেখ্য, জামিনদারদের প্রদত্ত চেকের সমপরিমাণ অর্থ তাদের ব্যাংক হিসাবে বিদ্যমান থাকা বাধ্যতামূলক নয়।
- নির্বাচিত প্রার্থী নিয়োগদাতার অধীনে অর্পিত সকল দায়িত্ব ও কাজ নিষ্ঠার সঙ্গে সম্পাদন না করলে, নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান না করলে, চাকরি পরিত্যাগ বা কর্মস্থল ত্যাগের কোনো অপচেষ্টা এবং G-1 ভিসা বা অন্য কোনো উপায়ে অবৈধভাবে দক্ষিণ কোরিয়ায় অবস্থানের চেষ্টা না করলে এবং কর্মচুক্তির মেয়াদ শেষে নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশে ফেরত না আসলে বিধি মোতাবেক নন জুডিশিয়াল স্ট্যাম্পের শর্ত অনুযায়ী চেক ব্যবহার করা হবে ও জমাকৃত জামানত বাজেয়াপ্ত হবে। কর্মচুক্তির মেয়াদ শেষে প্রার্থী দেশে ফেরত আসলে জমাকৃত জামানত, MICR চেক অক্ষত অবস্থায় সংশ্লিষ্টদের ফেরত প্রদান করা হবে।

৬। বিশেষ নির্দেশনা—

- মন্ত্রণালয় এবং দাংজিন সিটির মধ্যে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী আবেদন/নিবন্ধনের ক্ষেত্রে কোনো তথ্য গোপন করা, মিথ্যা তথ্য প্রদান, জাল বা ভুয়া তথ্য-উপাত্ত দাখিল কিংবা প্রতারণার আশ্রয় গ্রহণ করলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া, সংশ্লিষ্ট প্রার্থীকে তার পাসপোর্ট নম্বরের ভিত্তিতে ৩ (তিন) বছরের জন্য মৌসুমী কর্মসূচিতে কালো তালিকাভুক্ত (Blacklist) করা হবে। ফলে তিনি পরবর্তী ৩ বছর মৌসুমী কর্মসূচির কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ পাবেন না;
- চাকরির জন্য আবেদনকারীকে বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল শর্ত ও যোগ্যতা পূরণ করে চূড়ান্তভাবে নির্বাচিত হতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পূর্ব পর্যন্ত বোয়েসেলকে কোনো ধরনের সার্ভিস চার্জ বা ফি প্রদান করতে হবে না;
- চূড়ান্তভাবে নির্বাচিতদের নিকট থেকে সকল সার্ভিস চার্জ/ ফি পে-অর্ডারের মাধ্যমে গ্রহণ করা হবে। নির্ধারিত ফি'র অতিরিক্ত ফি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান দাবি করলে তাকে প্রতারক হিসেবে বিবেচনা করতে হবে। এ ধরনের প্রতারণা থেকে সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে;
- এছাড়া, দক্ষিণ কোরিয়া সরকারের প্রচলিত অভিবাসন বিধি অনুযায়ী বর্তমানে বাংলাদেশ থেকে সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যতীত অন্য কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা এজেন্সির মাধ্যমে E-8 (মৌসুমি/সিজনাল) ভিসা ক্যাটাগরিতে কর্মী প্রেরণের কোনো সুযোগ নেই। অতএব, এ ধরনের প্রলোভন, প্রতিশ্রুতি বা অর্থ দাবির বিষয়ে সতর্ক থাকুন এবং
- উল্লেখ্য, এই নিবন্ধন, চাকরির সাক্ষাৎকার ও নির্বাচন প্রক্রিয়া কোনোভাবেই চাকরির নিশ্চয়তা প্রদান করে না। বিজ্ঞপ্তি, নিবন্ধন, নির্বাচন বা নিয়োগ-সংক্রান্ত যে কোনো বিষয় সংশোধন, স্থগিত, বাতিল বা প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বোয়েসেল কর্তৃপক্ষ

Bangladesh Overseas Employment Services Ltd. Dhaka Bangladesh (BOESL)

অফিস ঠিকানা :
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015

যোগাযোগ নম্বর :
ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd